# আবাসা | Abasa | عَبَسَ

আয়াতঃ ৮০ : ১৬

## আরবি মূল আয়াত:

كِرَامٍ بَرَرَةٍ ﴿١٦﴾

## অনুবাদসমূহ:

যারা মহাসম্মানিত, অনুগত। — আল-বায়ান

(যারা) মহা সম্মানিত পূত-পবিত্র। — তাইসিরুল

(ঐ লেখকগণ) মহৎ ও সৎ। — মুজিবুর রহমান

Noble and dutiful. — Sahih International

### ১৬. (যারা) মহাসম্মানিত ও নেককার।

-

তাফসীরে জাকারিয়া

### ১৬। (যারা) সম্মানিত ও পুণ্যবান (ফিরিশতা)। [1]

[1] চরিত্রের দিক দিয়ে তাঁরা হলেন সম্মানিত; অর্থাৎ, শ্রদ্ধেয় এবং বুযুর্গ। আর কর্মের দিক দিয়ে তাঁরা পুণ্যবান ও পবিত্র। এখান থেকে জানা যায় যে, কুরআন বহনকারী (হাফেয এবং আলেমগণ)-কেও চরিত্র এবং কর্মের দিক দিয়ে 'কিরামিম বারারাহ'র মূর্ত-প্রতীক হওয়া উচিত। (ইবনে কাসীর) হাদীসেও 'সাফারাহ' শব্দ ফিরিশতাদের জন্য ব্যবহার হয়েছে। নবী (সাঃ) বলেছেন, ''যে কুরআন পাঠ করে এবং তাতে সুদক্ষ হয়, সে 'কিরামিম বারারাহ'র সাথে - অর্থাৎ, সম্মানিত পুণ্যবান ফিরিশতাগণের সাথী হবে। আর যে কুরআন পাঠ করে কিন্তু কষ্টের সাথে (আটকে আটকে) পাঠ করে তার জন্য ডবল সওয়াব রয়েছে।'' (সহীহ বুখারী তাফসীর সূরা আবাসা, মুসলিম নামায অধ্যায়, কুরআনে সুদক্ষ হওয়ার মাহাত্ম্যের পরিচ্ছেদ)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5774

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন